

জোট দর্পণ কবীর

ভেবে দেখার সময় এখন
দেশটা চালায় কারা
কু-শাসনে আমজনতা
কেন দিশেহারা?

দিনে দিনে দুর্নীতিবাজ
বাড়ছে, গলা ছাড়ছে
অবক্ষয়ের পংকিলতায়
মূল্যবোধও হারছে!
মধ্য শ্রেণীর ভাঙছে পাঁজর
গরীব কেন বাড়ছে?

ক্ষমতা কি চটক আচার
অর্থ কারা করছে পাচার
চাচ্ছে তারা কি?
কারা রক্ত শুষে বলো
খাচ্ছে বেজায় ঘি!

লুটেরা ও খুনি কেন
হচ্ছে ভোটে প্রার্থী?
পার্টিগুলো ওদের থেকে
হাতায় টু-পাইস বাড়তি?

আর থেকে না চুপটি করে
এ সব হবে জানতে
অসৎ, আঁধার দুর্গ যত
হবেই আঘাত হানতে!

যোগ্য ও সৎ প্রার্থী দেখে
দিয়ো তোমার ভোট
শিক্ষা, সাজা দিতে পারে
আমজনতার জোট!

২২ নভেম্বর, ০৬